চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১০ অক্টোবর ২০১৭খ্রি.

হোল্ডিং ট্যাক্স ও রেইটের পঞ্চ বার্ষিকী পুন:মূল্যায়নের বিপরীতে আপিল/আপত্তি দাখিলের সময় ১১ নভেম্বর ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হলো

কর বিধি ১৯৮৬ এর ১৯,২০ ও ২১ বিধির আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪১টি ওয়ার্ডে পঞ্চ বার্ষিকী পুন:মূল্যায়নের আওতায় অ্যাসেসমেন্ট বা ভূমি ও ইমারতের বার্ষিক মূল্য, হোল্ডিং ট্যাক্স ও রেইট নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে করদাতাদের জানা ও দেখার সুবিধার্থে স্ব স্ব ওয়ার্ড কার্যালয়ে, সংশ্লিষ্ট কর অফিস এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়ের রাজস্ব বিভাগে তালিকা প্রদর্শন করা হয়েছে। নির্ধারিত মূল্য বা ধার্য্যকৃত হোল্ডিং ট্যাক্স ও রেইটের বিপরীতে সম্মানিত করদাতাগণ গত নির্ধারিত সময় ৩ অক্টোবর ২০১৭ পর্যন্ত কর বিধির ৭ ধারা অনুসরণ করে ৩২ হাজার ৭শত ৯৬ টি আপিল জমা দিয়েছে। অবশিষ্ট হোল্ডিং সমূহের আপত্তি দায়ের করার সুবিধার্থে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে আপিল/আপত্তি দাখিলের সময় ১১ নভেম্বর ২০১৭ পর্যন্ত বর্ধিত করেছে। সম্মানিত হোল্ডারগণ ওয়ার্ড অফিস, সার্কেল অফিস ও প্রধান কার্যালয়ের রাজস্ব বিভাগ থেকে বিনামূল্যে ‘পি’ ফরম সংগ্রহ করে ১১ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত জমা দেয়ার অনুরোধ করা হলো। আরো উল্লেখ্য যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ বিধি বিধানের আওতায় প্রমান সাপেক্ষে নগরীর হত দরিদ্র, দরিদ্র ও অস্বচ্ছল জনগোষ্ঠীর হোল্ডিং ট্যাক্স ও রেইট সম্পূর্ণ মওকুফ করার সিদ্ধান্ত গ্রহন করেছে।

চট্টগ্রাম- ১০ অক্টোবর ২০১৭খ্রি.

পূর্ব মাদারবাড়ী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও গুল-এ-জার বেগম সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত

৯ অক্টোবর ২০১৭ খ্রি. সোমবার, বিকেলে মেয়রের বাসভবনে পূর্ব মাদারবাড়ী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও গুল-এ-জার বেগম সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উভয় সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। সভায় কমিটির সদস্য সচিব মো. মোখলেছুর রহমান ও মো. আলী আকবর এবং উভয় কমিটির সদস্য মো. সামসুল ইসলাম, মো. গিয়াস উদ্দিন আহম্মদ, কামরুন নাহার চৌধুরী, মো. হোছাইন, মো. সরওয়ার আলম, মো. খসরু হোসেন, মো. হামিদ হোছাইন, শাহিন আক্তার, কাজী আফরোজ ফেরদৌস, আশিষ চক্রবর্ত্তী উপস্থিত ছিলেন। সভায় পূর্ববর্তী সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন, নবগঠিত পরিচালনা কমিটির পরিচিতি, বিনা বেতনে অধ্যয়নের জন্য শিক্ষার্থীদের আবেদন বিবেচনা, ২০১৭ সনের বাজেট অনুমোদন, জুলাই ২০১৬ থেকে মার্চ ২০১৭ পর্যন্ত বিবিধ খরচ অনুমোদন, ২০১৭ সনের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, অভ্যন্তরিন নিরীক্ষা কমিটি গঠন, বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ, শিক্ষক সংকট নিরসনসহ নানা বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয়। সভার সভাপতি সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন সকলকে আন্তরিকতার সাথে স্ব স্ব দায়িত্ব পালন করে সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ভাবমূর্তি সমুন্নত রাখার পরামর্শ দেন।

চট্টগ্রাম- ১০ অক্টোবর ২০১৭খ্রি.

সিটি গভর্নেন্স প্রকল্পের আওতায় জাইকার অর্থায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত পাঠানটুলী সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কাজের শুভ উদ্বোধন

সিটি গভর্নেন্স প্রকল্পের আওতায় জাইকার ৬ কোটি ৩২ লক্ষ ৪৮ হাজার ৫৮৮ টাকা ব্যয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত পাঠানটুলী বালক উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মিত হচ্ছে। ৬তলা এ

ভবনে সাইক্লোন সেন্টারসহ পাঠদানের যাবতীয় সুযোগ সুবিধা থাকবে। গত ৯ অক্টোবর ২০১৭ খ্রি. সোমবার, সকালে নতুন এ ভবন নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন ২৮নং পাঠনটুলী ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ আবদুল কাদের ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস ফেরদৌসী আকবর। তারা মাটি কেটে এবং মুনাজাতের মধ্য দিয়ে নির্মাণ কাজের উদ্বোধন করেন। এতে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী বিপ্লব দাশ, সহকারী প্রকৌশলী মুজিবুল হায়দার, উপ সহকারী প্রকৌশলী রামেশ্বর চৌধুরী, ঠিকাদারের পক্ষে ইকবাল হোসেন রোকন, এস এম আলমগীর, মো. আলী হোসেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নুরুদ্দোজা ফরাজী, স্কুল পরিচালনা পরিষদের সদস্য মো. নুরু মিয়া, মিসেস কাকলী বড়ুয়া, ওয়ার্ড আওয়ামীলীগ নেতা ওবাইদুল কবির মিন্টু, দিদার উল্লাহ, সরোয়ার খান, আব্দুল নবী, মো. সালাহউদ্দিন সরকার, ছাত্রলীগ নেতা মোস্তফা কামাল টিপু, স্বেচ্ছা সেবকলীগ নেতা আব্দুল ওয়াদুদ রিপন প্রমুখ। অনুষ্ঠানের শেষে মেয়র মহোদয়ের রোগ মুক্তি কামনায় ও কাজ সু-সম্পন্ন হওয়ার জন্য মুনাজাত পরিচালনা করেন বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক মোহাম্মদ আকতার আহমেদ।

চট্টগ্রাম- ১০ অক্টোবর ২০১৭খ্রি.

হকার্স নেতৃবৃন্দের মতবিনিময় সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন
তালিকাভূক্ত ৮ হাজার ৫শত ৯৯ জন হকার প্রত্যেককে পরিচয় পত্র প্রদান করা হবে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও হকার্স নেতৃবৃন্দের যৌথ সিদ্ধান্তে চট্টগ্রাম নগরীর ফুটপাত হকারদেরকে গত ঈদুল আযহার পর থেকে শৃংখলার মধ্যে আনা হয়েছে। হকারদের সংখ্যা নিরুপন, ব্যবসার সময় মেনে চলা, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পরিচয় পত্র প্রদান এবং দৃষ্টিনন্দন ছাতা বিতরণ প্রসঙ্গে ৯ অক্টোবর ২০১৭ খ্রি. সোমবার, সন্ধ্যায় মেয়রের বাসভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন হকার নেতৃবৃন্দের সাথে বৈঠক করেন। বৈঠকে মেয়র আ জ ম নাছির উদ্দীন সর্বসাধারণের নির্বিঘেœ চলাচলের সুযোগ দিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বেঁধে দেয়া নিয়ম ও সময়ে হকাররা ব্যবসা পরিচালনা করায় তাদেরকে সাধুবাদ জানান। তিনি বলেন, সপ্তাহের শনিবার থেকে বুধবার পর্যন্ত বিকাল ৫ টা থেকে রাত ১০ টা, বৃহস্পতিবার বিকাল ২ টা থেকে রাত ১০ টা এবং শুক্র ও সরকারি বন্ধে সকাল ১০ টা থেকে রাত ১০ টা পর্যন্ত সুনির্দিষ্ট স্থানে ব্যবসা পরিচালনার বেঁধে দেয়া এ নিয়ম সকলকে মেনে চলতে হবে। মেয়র বলেন, সকল ফুটপাত, মিডআইল্যান্ড ও গোলচত্বরসমূহ বিউটিফিকেশনের দৃষ্টিনন্দন সাজে সাজিয়ে দেয়া হবে। এলইডি লাইটিং এর মাধ্যমে আলোকিত করা হবে। প্রত্যেক হকারকে দৃষ্টিনন্দন ছাতা উপহার দেয়া হবে। পর্যায়ক্রমে হকারদের স্থায়ীভাবে পুনর্বাসন করা হবে। তিন পুল থেকে চৈতন্য গলি কবরস্থান পর্যন্ত চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও সিডিএ’র যৌথ জরিপের মাধ্যমে ফুটপাতের জায়গা চিহ্নিত করা হবে। ভ্যানগাড়িতে যারা ব্যবসায় নিয়োজিত রয়েছে তাদেরকেও পরিপূর্ণভাবে শৃংখলায় নিয়ে আসা হবে। তালিকাভূক্ত ৮ হাজার ৫শত ৯৯ জন হকার প্রত্যেককে পরিচয় পত্র প্রদান করা হবে। মেয়র বলেন, হকারদের জীবন-যাপনের সুবিধার্থে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এ ধরনের ঝুঁকি গ্রহন করেছে। তিনি পূর্ণাঙ্গ পুনর্বাসন না হওয়া পর্যন্ত সিটি কর্পোরেশনের বেঁধে দেয়া নিয়মের মধ্যে হকারদের ব্যবসা পরিচালনার আহবান জানান। হকার নেতৃবৃন্দের এ বৈঠকে জাতীয় শ্রমিক লীগের কেন্দ্রীয় যুগ্ম সাধারণ সম্পাদক সফর আলী, চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের উপদেষ্টা শেখ মাহমুদ ইসহাক, দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস, নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজিদা শরমিন, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, সহকারী এস্টেট অফিসার এখলাছ উদ্দিন আহমেদ, শ্রমিক নেতা আবদুল মতিন মাষ্টার, হকার্স নেতৃবৃন্দের মধ্যে চট্টগ্রাম ফুটপাত হকার সমিতির সভাপতি নুরুল আলম লেদু, সাধারণ সম্পাদক মো. শফিকুর রহমান, চট্টগ্রাম হকার লীগের সভাপতি নুর আহম্মদ চৌধুরী, সাধারণ সম্পাদক হারুন উর রশিদ রনি, চট্টগ্রাম সম্মিলিত হকার্স ফেডারেশনের সভাপতি মো. মিরন হোসেন মিরন, সাধারণ সম্পাদক মো. জসিম মিয়া, মেট্রোপলিটন হকার সমিতির মো. শাহ আলম ভূইয়া, হকার নেতা মো. বেলায়েত হোসেন, মো. শফিকুর রহমান, মো. ইয়াকুব, মো. কামাল হোসেন, সৌরভ বড়ুয়া, নুরুল আমিন মিয়া, মো. জসিম উদ্দিন, ফরিদ আহম্মদ, মো. জসিম উদ্দিনসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১০ অক্টোবর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের মধ্যে সমঝোতা স্মারক চুক্তি

টেকসই উন্নয়নের লক্ষ্য মাত্রা অর্জনের লক্ষ্যে চট্টগ্রাম নগরীর দরিদ্র জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান, সামাজিক নিরাপত্তা ইত্যাদি চিহ্নিতকরণের লক্ষ্যে নগরীতে বিদ্যমান নাগরিক সেবা সমূহ প্রদানের জন্য ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের মধ্যে ৯ অক্টোবর ২০১৭ খ্রি. সোমবার, সকালে আন্দরকিল্লাস্থ মেয়রের বাসভবনে সমঝোতা স্মারক চুক্তি (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ও ব্র্যাকের পক্ষে ব্র্যাকের আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের প্রোগ্রাম হেড হাসিনা মুশরোফা এই সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর করেন। দ্বিপাক্ষিক এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে কাউন্সিলর জহুরুল আলম জসিম, হাজী নুরুল হক, মোহাম্মদ হোসেন হিরন, মাজাহারুল ইসলাম, সলিম উল্লাহ বাচ্চু, মোবারক আলী, সাইফুদ্দিন খালেদ, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর লুৎফুন্নেছা দোভাষ বেবী, মনোয়ারা বেগম মনি, আঞ্জুমান আরা বেগম, আবিদা আজাদ, ফারজানা পারভীন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান নগর পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের রিজিউন্যাল কো-অর্ডিনেটর মোহাম্মদ শামীম আল মামুন প্রমুখ উপস্থিত ছিলেন।

ব্রিটিশ এবং অস্ট্রেলিয়ান সরকারের অর্থায়নে ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের এই কর্মসূচি গ্রহন করা হয়েছে। ২০২০ সাল পর্যন্ত এই কর্মসূচি চলবে। পরবর্তীতে ব্র্যাকের অর্থায়নে এই কর্মসূচি চলমান থাকবে। ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের আওতায় নগরীর ১০টি ওয়াডের্র ২৫টি বস্তিতে প্রকল্পের কর্ম এলাকা নির্ধারণ করা হবে। যে সকল ওয়ার্ডে এই প্রকল্প গ্রহন করা হয়েছে সে সকল ওয়ার্ডগুলো হলো ২নং জালালাবাদ ওয়াডর, ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ড, ৮নং শুলকবহর ওয়ার্ড, ৯নং উত্তর পাহাড়তলী ওয়ার্ড, ১৩নং পাহাড়তলী ওয়ার্ড, ১৪নং লালখান বাজার ওয়ার্ড, ১৮ নং পূর্ব বাকলিয়া ওয়ার্ড, ২২নং এনায়েত বাজার ওয়ার্ড,

৩০নং পূর্ব মাদারবাড়ী ওয়ার্ড ও ৩৫নং বকশির হাট ওয়ার্ড । সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নগরীর বসবাসরত স্বল্প আয়ের লোকের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের লক্ষ্যে জীবন-জীবিকা উন্নয়নে ব্র্যাক কাজ করতে আগ্রহ প্রকাশ করায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও ব্র্যাকের পক্ষ থেকে সম্মিলিতভাবে এই কর্মসূচি গ্রহন করা হয়েছে। এই সমঝোতা স্মারকের উদ্দেশ্য হলো নগরীর দরিদ্র জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান, সামাজিক নিরপত্তা ইত্যাদি নিশ্চিতকরণের লক্ষ্যে নগরীতে বিদ্যমান নাগরিক সেবা সমূহ প্রদানের জন্য ব্র্যাক ও সিটি কর্পোরেশন যৌথভাবে কার্য সম্পাদন করা। এছাড়াও উন্নয়ন পরিকল্পনা গ্রহন ও বাস্তবায়নে নগরীর দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণের জন্য কমিউনিটি মোবিলাইজেশান করা। দরিদ্রবান্ধব নগরসেবা প্রাপ্তিতে সেবাদানকারী সংস্থা সমূহের সাথে নিয়মিত ডায়ালগ করা। জনগণকে সচেতন করার জন্য বিভিন্ন ইস্যুভিত্তিক কার্যক্রম বাস্তবায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে কার্যকরী সহযোগিতা প্রদান করা।

চুক্তি স্বাক্ষরকালে ব্র্যাকের আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের প্রোগ্রাম হেড হাসিনা মুশরোফা বলেন, উল্লেখিত ১০টি ওয়ার্ডের ২৫টি বস্তির অবকাঠামোগত, আর্থসামাজিক, সেনিটেশন, অদক্ষ শ্রম, দরিদ্র জনগোষ্ঠীর শিক্ষার সমস্যা, নিরাপদ মাতৃত্ব, বেকারত্ব ও সামাজিক নিরাপত্তা ইত্যাদি চিহ্নিত করে এর সমাধানের লক্ষ্যে এই আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের আওতায় কার্যক্রম গ্রহন করা হবে। এ ছাড়াও সুপরিকল্পিত নগরায়ন ও নগরীর জলাবদ্ধতার সমস্যা নিয়ে ভবিষ্যতে এই প্রোগ্রামের আওতায় কাজ করা হবে। প্রত্যেক সিটি ও বস্তির কনটেস্ট অনুযায়ী কর্মপরিকল্পনা গ্রহন করা হবে। এই আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম ১২টি সিটি কর্পোরেশন এলাকায় চলছে। যে ১০ টি ওয়ার্ডের ২৫টি বস্তিতে এই প্রোগ্রাম গ্রহন করা হবে সে সকল ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর ও সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলরগণ এর সাথে সম্পৃক্ত ও নেতৃত্বে থাকবেন।

চট্টগ্রাম- ১০ অক্টোবর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় প্রধান সহ প্রকৌশল বিভাগের দায়িত্বশীলদের সাথে সিটি মেয়রের বৈঠক

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় চলমান উন্নয়ন ও অবকাঠামোগত উন্নয়ন, সড়ক সংস্কার, নালা-নর্দমার সংস্কার ও উন্নয়ন, আবর্জনা ব্যবস্থাপনা, আলোকায়নসহ নাগরিক সেবার বিভিন্ন বিষয়ে ৯ অক্টোবর ২০১৭ খ্রি. সোমবার, দুপুরে আন্দরকিল্লাস্থ মেয়র বাসভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় প্রধান সহ প্রকৌশল বিভাগের দায়িত্বশীল প্রকৌশলীদের সাথে বৈঠক করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। বৈঠকে গৃহিত প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ, সড়ক, নালা-নর্দমা সংস্কারসহ বিভিন্ন কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা করা হয়। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় ও শাখা প্রধানদের দায়-দায়িত্ব নিয়ে নাগরিক সেবা শতভাগ নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। তিনি আশা করেন, প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে সকলে জনগনের নিকট দায়বদ্ধ। দায়বদ্ধতা থেকে জবাবদিহীতার আওতায় সততা ও নিষ্ঠার সাথে সকলে দায়িত্ব পালন করবেন। এর অন্যথা হলে নগরবাসী কাউকে ক্ষমা করবে না। বৈঠকে প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান শিক্ষা কর্মকর্তা নাজিয়া শিরিন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আনোয়ার হোসেন সহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১০ অক্টোবর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীনের পক্ষে সাবেক রাষ্ট্রদূত ও বাংলাদেশ আওয়ামীলীগের প্রেসিডিয়াম সদস্য মরহুম আতাউর রহমান খান কায়সারের কবর জেয়ারত ও শ্রদ্ধা নিবেদন

সাবেক রাষ্ট্রদূত ও বাংলাদেশ আওয়ামীলীগের প্রেসিডিয়াম সদস্য মরহুম আতাউর রহমান খান কায়সারের মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে ৯ অক্টোবর ২০১৭ খ্রি. সোমবার, সকালে মরহুমের চন্দনপুরাস্থ পারিবারিক কবরস্থানে কবর জেয়ারত ও শ্রদ্ধা নিবেদন করা হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন অসুস্থ থাকার কারণে তার পক্ষে মরহুমের কবরে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন প্যানেল মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, মো. সলিম উল্লাহ বাচ্চু ও জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিমসহ অন্যরা। এ সময় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে মুনাজাত করা হয়।

চট্টগ্রাম- ১০ অক্টোবর ২০১৭খ্রি.

কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজ ও কুলগাঁও সিটি কর্পোরেশন হাই স্কুল এর পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত

কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজ ও কুলগাঁও সিটি কর্পোরেশন হাই স্কুল এর পরিচালনা কমিটির সভা ০৮ অক্টোবর ২০১৭ খ্রি. বিকেলে মেয়রের বাসভবনে কমিটির সভাপতি ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, কাউন্সিলর মোহাম্মদ সাহেদ ইকবাল বাবু, আলহাজ্ব শফিকুল আলম, কামরুল হাসান, মো. ইয়াকুব, মো. জানে আলম, তপন চন্দ্র মজুমদার, সেলিম উদ্দিন, আয়েশা নাজনীন, সৈয়দ হাসান মুরাদ, মিসেস রোকেয়া বেগম, মোহাম্মদ কামাল, মিসেস কামরুন নাহার হামিদ সহ উভয় কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বিগত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন, ভবনের উন্নয়ন কাজের বিষয় অবহিত করন, ২০১৬-২০১৭ অর্থ বছরের আয় ব্যয় অনুমোদন, ২০১৭-২০১৮ অর্থ বছরের সম্ভাব্য আয়-ব্যয় বাজেট অনুমোদন, সিসি ক্যামেরার খরচ অনুমোদন, অধ্যক্ষ ও শিক্ষক

মিলনায়তনের আসবাবপত্র ক্রয় সংক্রান্ত বিষয়, নিরাপত্তার জন্য ২ জন নিরাপত্তা প্রহরী নিয়োগ, অনার্স কোর্স চালু, কলেজ বার্ষিকী প্রকাশ এবং এপ্রিল-২০১৭ থেকে সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত বিবিধ খরচ অনুমোদন, ফটোষ্ট্যাট মেশিন ও ডেক্সটপ ক্রয় সহ নানা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। সভার সভাপতি মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের সুনাম ও সুখ্যাতি অটুট রেখে শিক্ষার গুনগতমান বৃদ্ধি করার উপর জোর দেন। তিনি সকল শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির সদস্যদের সক্রিয় ভুমিকা আশা করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা